প্রত্যেক উম্মতের একজন আমানতদার আছে। আর এ উম্মতের আমানতদার হলো আবূ উবাইদাহ ইবনুর জাররাহ।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফূ‘ হিসেবে বর্ণিত: “প্রত্যেক উম্মতের
একজন আমানতদার আছে। আর এ উম্মতের আমানতদার হলো আবূ উবাইদাহ ইবনুর জাররাহ”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

প্রত্যেক উম্মতের মধ্যে একজন আমানতদার ব্যক্তি থাকে যিনি অন্যদের তুলনায় আমানতদারিতার সাথে বেশি প্রসিদ্ধ হন। আর এ উম্মতের মধ্যে আমানতদারিতার সাথে প্রসিদ্ধি লাভ করেছেন আবূ উবাইদাহ আমের ইবনু জাররাহ রাদিয়াল্লাহু। যদিও আমানতদারিতা এমন একটি গুণ যা তার মধ্যে এবং সাহাবীদের মধ্যে অবশ্যই রয়েছে। কিন্তু হাদীসের বর্ণনার পেক্ষাপট ইঙ্গিত দেয় যে, তিনি তাদের তুলনায় এ বিষয়ে কিছুটা হলেও বেশি।

http://sunnah.global/hadeeth/bn/show/11190